



## হরমুজ প্রণালিতে ইরানের ড্রোন ভূপাতিতের দাবি যুক্তরাষ্ট্রের



সংগৃহীত ছবি

হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী বাণিজ্যিক জাহাজকে লক্ষ্য করে পাঠানো ইরানের একাধিক ড্রোন ভূপাতিত করার দাবি করেছে যুক্তরাষ্ট্র। এ তথ্য জানিয়েছে মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম)।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, সেন্টকম সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে এক পোস্টে জানায়, কয়েক ঘণ্টাব্যাপী অভিযানে ইরান একাধিক ওয়ান-ওয়ে হামলাকারী ড্রোন প্রণালির দিকে পাঠিয়েছিল।

মার্কিন বাহিনীর দাবি, সাম্প্রতিক সময়ে পাঠানো সব ড্রোনই ধ্বংস করা হয়েছে। ফলে হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল স্বাভাবিক রয়েছে এবং কোনো ধরনের বিঘ্ন ঘটেনি। সেন্টকম আরও জানায়, আন্তর্জাতিক বাণিজ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এই নৌপথ এখনো সম্পূর্ণ উন্মুক্ত রয়েছে এবং সামুদ্রিক চলাচলে কোনো বাধা সৃষ্টি হয়নি।

LENS ASIA